২৯/৫/২০০০

দৈনিক ইত্তেফাক

তারিখ ............
পৃষ্ঠা ...৬... কলাম ...৪...

# ছাত্রদলের সর্ববৃহৎ কেন্দ্রীয় কমিটি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রদলের ২৫১ সদস্যের দীর্ঘ কেন্দ্রীয় কমিটি হওয়ার পরেও এই তালিকা আরও দীর্ঘ হইতেছে। কোন ছাত্র সংগঠনের ইতিহাসে ইহা হইতেছে সর্ববৃহৎ কমিটি। ছাত্রদলের এই সর্বোচ্চ সংখ্যার কমিটি হইতেও সংগঠনের অর্ধশতাধিক নেতা-কর্মী বাদ পড়িয়াছে। কমিটি হইতে বাদ পড়া নেতা-কর্মীদের লইয়া সংগঠনের

## ছাত্রদলের সর্ববৃহৎ

(শেষ পৃঃ পর)

চাপা ক্ষোভ বিরাজ করিতেছে। নয়া কমিটিতে ৪৪ জন সহ-সভাপতির পরেও আরও ৬ জনের নাম অন্তর্ভুক্ত হইতে যাইতেছে। উক্ত ৬ জনের নাম কেন্দ্রীয় নেতৃবৃন্দের মাধ্যমে ছাত্রদল সভাপতির নিকট পাঠানো হইয়াছে। কেন্দ্রীয় কমিটির সদস্যসংখ্যাও বাড়ানো হইবে। নয়া কমিটি হইতে বাদ পড়া নেতা-কর্মীদের মধ্যে রহিয়াছে গত কমিটির সহ-আইন সম্পাদক আব্দুল কুদ্দুস এবং শেখ মোহাম্মদ শামীম, মফিজুল মাওলা, আব্দুল হালীম আসীদ, খন্দকার রাশেদুল হক রঞ্জু, আরিফুর রহমান মিলন, আবেদ, আমিন, নূর মোহাম্মদ মুকুল, আমান্না, বেলায়েত হোসেন, নাসির আহমেদ প্রমুখ। ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিন্টুর হুলিয়া এবং সাধারণ সম্পাদক লান্টুর মুক্তির দাবীতে ছাত্রদল গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করিয়াছে। নয়া কমিটি হইতে বাদ পড়া নেতা-কর্মীদের টানিয়া মিছিলে নেওয়ারও চেষ্টা করা হয়। কেন্দ্রীয় লাইব্রেরীর সম্মুখে বাদ পড়া নেতা-কর্মীরা এসময় কান্নাজড়িত কণ্ঠে বলেনঃ সারা বৎসর রাজনীতি করার পরেও আমাদের কমিটিতে রাখা হয় নাই। কলা ভবনের সম্মুখে ছাত্রদল সহ-সভাপতি মঞ্জুর এলাহীর সভাপতিত্বে মোশারফ হোসেন, মনির হোসেন, নূরুল ইসলাম নয়ন, তারিকুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।